

বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন

পশ্চিমবঙ্গ সার্কেল

২৪৯ডি, বি বি গাঙ্গুলি স্ট্রীট, কলকাতা-১২

সাকুলার - ৩৭

কমরেড, ঈদ ও শারদোৎসব পর্ব শেষ হয়েছে। ইতিমধ্যেই প: বঙ্গ সার্কেল ইউনিয়ন কর্মচারীদের জ্বলন্ত সমস্যাগুলির দ্রুত সমাধান করার জন্য আন্দোলনের দিনক্ষণ চূড়ান্ত করেছে। গত রাজ্য কমিটির সভায় আলোচনার মধ্য দিয়ে তা চূড়ান্ত হয়। গত ১৪ই অক্টোবর, সি. জি. এম. টি/ প: বঙ্গের সাথে সার্কেল কাউন্সিল সভাতে আমাদের এই ফ্লোভের কথা তীব্রভাবে ব্যক্ত করি ও জানিয়ে দিই যে আগামী ৭ দিনের মধ্যে সমস্যা সমাধানে প্রশাসন উদ্যোগ না নিলে আগামী ২৭-২৯শে অক্টোবর সংগঠন লাগাতার ৩ দিন অবস্থান কর্মসূচী পালন করবে। এই লক্ষ্যে আগামীদিনে যে কাজ করতে হবে :-

(০১) ২০-২৬শে অক্টোবর সমস্ত বিভাগে তীব্র প্রচার আন্দোলন ও বিক্ষোভ কর্মসূচী পালন করার শেষে জি. এম./ডি.জি.এম./টি.ডি. এম স্তরে হবে বৃহত্তর কর্মী সমাবেশ প্রস্তুতি গড়ে তুলুন। এই সময়ের মধ্যে ই. টি. আর. এবং ই. টি. পি. তাদের সি. জি. এম. এর সামনে কর্মসূচী পালন করুন।

(০২) ২৭-২৯শে অক্টোবর সি. জি. এম স্তরে লাগাতার তিনদিন গণ অবস্থানে জন্মায়ত করতে হবে :-

২৭-১০-২০০৯ - কলকাতা (বিভাগীয়) সি. টি. ও, টি সি. ও, সি. জি. এম. টি. অফিস

২৮-১০-২০০৯ - কলকাতা (ক্যাঙ্কুয়াল), সিভিল উইং, সি. জি. এম. টি. (টেকনিক্যাল), কিউ এ

২৯-১০-২০০৯ - ঋড়গপুর, কৃষ্ণনগর, বহরমপুর, আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, বাঁকুড়া, সিউড়ি প্রভৃতি জেলা থেকে প্রায় ৪০০ কর্মচারীকে উপস্থিত হতে হবে। ই. টি. আর এবং ই. টি. পি. বিভাগের কর্মচারীদের ঐ দিন উপস্থিত হতে হবে।

(০৩) নিম্নলিখিত বিষয়গুলি নিয়ে তীব্র প্রচার আন্দোলন গড়ে তুলুন ও এ বিষয়ে ইউনিয়নের অবস্থান ও সর্বশেষ দাবিগুলির পরিস্থিতি সার্কেল ইউনিয়নের কাছ থেকে জেনে নিয়ে প্রচারে নামুন। দাবীগুলি নিম্নরূপ :-

(ক) "টি টি এ গ্লেস মার্ক" সমস্যা সমাধান করতে হবে ও গৃহীত পরীক্ষার ফলাফল ঘোষণা করতে হবে।

(খ) গ্রুপ -ডি, টি. এম., জে. টি. ও. সমস্ত শূন্য পদপূরণে প্রশাসনিক উদ্যোগ গ্রহণ করতে হবে।

(গ) অপচয় বন্ধ করে পশ্চিমবঙ্গ সার্কেলকে লাভজনক সার্কেলে পরিণত করতে হবে।

(ঘ) বি এস এন এল সম্পত্তির বেসরকারীকরণ নয়, চাই বি এস এন এল-বি টি এসের পূর্ণ স্বত্বব্যবহার এবং বি এস এন এল সার্ভিসের সম্প্রসারণ।

(ঙ) মার্কেটিং, মোবাইল সার্ভিস, ব্রড ব্যান্ড ও বি টি এস এর কাজে ডিপার্টমেন্টের স্টাফকে যুক্ত করতে হবে এবং ট্রেনিং এ গ্রুপ-ডি/সি কর্মচারীকে পাঠানোর ব্যবস্থা করতে হবে।

(চ) মেডিকেল এর সুযোগ ও ওয়েলফেয়ার সুযোগকে প্রসারিত করার ও অমীমাংসিত মেডিকেল কেসগুলির দ্রুত মীমাংসা করতে হবে।

(ছ) মৃত কর্মীর পরিবারের চাকুরীর সুযোগকে সংকুচিত করা চলবে না।

(জ) ই পি এফ এর আওতাভুক্ত কর্মীদের অবিলম্বে ব্যালান্স শীট দিতে হবে এবং কেটে নেওয়া সুদ ফেরত দিতে হবে।

(ঝ) সময়মতো ও টি বি পি / বি সি আর / ১০ শতাংশ প্রমোশনের আর্থিক সুবিধা দিতে হবে।

(ঞ) অবিলম্বে পি. ও. লেটার ইস্যু করে কর্মচারীদের সরকারী পেনশনের আওতায় আনতে হবে।

(ট) ক্যাঙ্কুয়াল কর্মচারীদের বিভাগীয়করণ ও ক্যাঙ্কুয়াল-কন্ট্রাক্ট কর্মচারীদের সম কাজে সমবেতন চালু করতে হবে।

(অনিমেষ মিত্র)

প্রাদেশিক সম্পাদক

কলকাতা
তারিখ-২০-১০-২০০৯